

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.১১৯

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০

০৫ মার্চ ২০২৪

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৫৫১/২০২১
পরিচালনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে, জনাব জয়নুল আবেদীন, সহকারী শিক্ষক, জামালপুর জিলা স্কুল, জামালপুর এবং অপর ৩৯ জন সিনিয়র শিক্ষক হতে সহকারী জেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী প্রধান শিক্ষক-এর দায়িত্ব প্রদান সংক্রান্ত (স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭১.১২.০০০১.২১-৩৬৯, তারিখ: ৩০/০৬/২০২১) আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৫৫১/২০২১ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং আরও ০৯(নয়) জন-কে বিবাদী করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৫৫১/২০২১ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৫৫১/২০২১-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা;
- উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
- উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৫-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.১১৯/১(৩)

তারিখ: ২১ ফাগুন ১৪৩০
০৫ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৫-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব